

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪৪৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৭. দ্বিতীয় অনুচ্ছেদ - দু' ঈদের সালাত

আরবী

وَعَنْ سَعِيدِ بْنِ الْعَاصِ قَالَ: سَأَلْتُ أَبَا مُوسَى وَحُذَيْفَةَ: كَيْفَ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَى عَلَيْهِ وَسَلَّمَ يُكَبِّرُ أَرْبَعًا تَكْبِيرَهُ على عَلَيْهِ وَسَلَّمَ يُكَبِّرُ أَرْبَعًا تَكْبِيرَهُ على الجنازه. فَقَالَ حُذَيْفَة: صدق. رَوَاهُ أَبُو دَاؤُد

বাংলা

১৪৪৩-[১৮] সা'ঈদ ইবনুল 'আস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি আবূ মূসা আল আশ্'আরী ও হুযায়ফাহ্ (রাঃ)-কে জিজ্ঞেস করেছিলাম, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঈদুল আযহা ও ঈদুল ফিতরের সালাতে কতবার তাকবীর বলতেন? তখন আবূ মূসা আল আশ্'আরী বললেন, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) জানাযার তাকবীরের মতো চার তাকবীর বলতেন। এ জবাব শুনে হুযায়ফাহ্ (রাঃ) বললেন, তিনি ঠিকই বলেছেন। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] হাসান সহীহ : আবূ দাউদ ১১৫৩, শারহু মা'আনির আসার ৭২৭৪, সুনানুল কুবরা লিল বায়হাকী ৬১৮৩, সহীহাহ্ ২৯৯৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আমি (ভাষ্যকার) বলি, এ হাদীসের সানাদে আবৃ 'আয়িশাহ্ আল উমাবী অজ্ঞাত রাবী। আর ইবনু হাযম বলেন, তিনি অজ্ঞাত রাবী, কেউ তাকে চেনে না আর তার হতে কোন হাদীস বর্ণনা করা শুদ্ধ হবে না। সুতরাং সুস্পষ্ট হয়েছে এ হাদীস দলীল গ্রহণে সহীহ হবে না।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন